



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

তারিখঃ ০৫/০২/২০১৯খ্রিঃ


প্রেস রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাদক বিরোধী

সেমিনার ও আলোচনা সভা

০৪ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ সন্ধ্যা ৬ ঘটিকায় ‘বঙ্গবন্ধু হল ও মাদক বিরোধী কমিটি’ বরিশাল বিশ্ববিদ্যালয় এর যৌথ উদ্যোগে মাদকের ভয়াবহতা রোধে তরুণ প্রজন্মের সচেতনতা বৃদ্ধির করণীয় প্রসঙ্গে সেমিনার ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বঙ্গবন্ধু হলের প্রভোস্ট জনাব মোঃ রাহাত হোসাইন ফয়সাল এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করেন বিশিষ্ট শিক্ষাবিদ বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। বক্তব্যের শুরুতে তিনি “ধূমপান মুক্ত, মাদকমুক্ত ও রাজাকারমুক্ত” বরিশাল বিশ্ববিদ্যালয় ঘোষণা পূর্ববর্তী করেন। ইতোমধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নিয়োগ বিজ্ঞপ্তিতে অধূমপায়ীদের অগ্রাধিকার দেয়ার কথাটি অন্তর্ভুক্ত রাখা হয়েছে। তিনি আগামীতে ভর্তি পরীক্ষায় ধূমপায়ীদের ভর্তি না করানোর প্রস্তাব রাখেন এবং ডোপ টেস্টের মাধ্যমে সেটি বাস্তবায়নের অভিপ্রায় ব্যক্ত করেন। উপাচার্য মহোদয় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন- তোমরা ধূমপান করে থাকলে তা অবশ্যই ছাড়তে হবে, নিজেদেরকে মাদকাসক্ত থেকে দূরে রাখতে হবে। মাদক সমাজকে ধ্বংস করে দেয়। ছাত্ররা সমাজের উন্নয়নের জন্য, ধ্বংসের জন্য নয়। তিনি আরও বলেন, আমি নিশ্চিত বর্তমান সরকারের জিরো টলারেপে মাদক এ দেশ থেকে দূর হবেই এবং এ দেশ আরো এগিয়ে যাবে। মাদকের ক্ষতিকর প্রভাবের বাস্তব চিত্র তুলে ধরে এর প্রতিকারে করণীয় বিষয়ে বিশেষ অতিথির বক্তব্য প্রদান করেন বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন এবং ববি শিক্ষক সমিতির সভাপতি ড. মোঃ হাসিনুর রহমান ও বরিশাল মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার জনাব মাহফুজুর রহমান বিপিএম। বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও মাদক বিরোধী কমিটির আহবায়ক ড. সুব্রত কুমার দাস, বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোস্টাল স্টাডিজ এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান ও রিসার্চ সেলের পরিচালক ড. হাফিজ আশরাফুল হক, ভূ-তত্ত্ব ও খনি বিদ্যা বিভাগের চেয়ারম্যান ও ববি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব আবু জাফর মিয়া, বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপ-পুলিশ কমিশনার জনাব মোয়াজ্জেম হোসেন ভূঞা ও বরিশাল মেট্রোপলিটন পুলিশের বন্দর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ মোস্তফা কামাল প্রমুখ। সেমিনারে মাদক সেবনের পরিনতির উপর একটি নাটক প্রদর্শিত হয়। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু হলের আবাসিক শিক্ষকবৃন্দ, বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, পুলিশ প্রশাসনের সদস্যবৃন্দ ও বঙ্গবন্ধু হলের আবাসিক শিক্ষার্থীবৃন্দ। মাদকের ক্ষতিকারক বিভিন্ন দিক তুলে ধরে পুরো অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের টিএসসির পরিচালক ও মাদক বিরোধী কমিটির সদস্য সচিব ড. মোঃ খোরশেদ আলম।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



মোঃ দিদার হোসেন খান

সহকারী রেজিস্ট্রার ও

ভারপ্রাপ্ত জনসংযোগ কর্মকর্তা

বরিশাল বিশ্ববিদ্যালয়